# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ প্রথম শর্ত সাপেক্ষে যে কাজটি বৈধ করা হয়েছে, তা দ্বিতীয় শর্ত পাওয়া গেলে নিষিদ্ধ হয়ে যাবে

## ذِكْرُ حَظْرِ هَذَا الْفِعْلِ الَّذِي أُبِيحَ عِنْدَ الشَّرْطِ الَّذِي ذَكَرْنَاهُ إِذَا كَانَ مَعَهُ شَرْطٌ ثان

আরবী

3465 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الذُّهْلِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ حَمْزَةَ قال: حدثنا عبد العزيز بن محمد عن هشام بن عروة عن أبيه عن عائشة أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ: (إِنَّ ابْنَ أُمِّ مَكْتُومٍ يُؤَذِّنَ بِلَيْلٍ فَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يُؤَذِّنَ بِلَالٌ)

وَكَانَ بِلَالٌ يُؤَذِّنُ حين يرى الفجر

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3465 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) ـ أيضاً ..

বাংলা

৩৪৬৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই ইবনু উম্মু মাকতূম রাতে আযান দেয়। কাজেই বিলাল আযান না দেওয়া পর্যন্ত তোমরা পানাহার করবে।”

আর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু ফজর উদিত না হওয়া পর্যন্ত আযান দিতেন না।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৪০৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৯; দারেমী: ১/২৭০; সহীহুল বুখারী: ৬২৩; সহীহ মুসলিম: ১০৯২; নাসাঈ: ২/১০; তাহাবী: ১/১৩৮; মুসনাদ আহমাদ: ৬/১৮৫-১৮৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92799

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন